সমঝোতা স্মারক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বলেন, ব্যবসা সহজীকরণের একটি বড় দাবি ছিল আমাদের ব্যবসায়ী সমাজের। বাণিজ্য অনুমতি (ট্রেড লাইসেন্স) প্রত্যেক বছর নবায়ন করতে হয়। এই বিষয়টি তাদের (ব্যবসায়ীদের) অনেক সময় মনে থাকে না অথবা দেখা যায় যে বছরের শেষ প্রান্তে এসে করতে হয়। সেসব বিষয়কে সহজীকরণ করার জন্য আইন অনুযায়ী ডিজিটাল প্ল্যাটফরমের মাধ্যমে আমরা প্রথমবারের মতো ৫ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়নের কার্যক্রম আজ হতে শুরু করলাম। এখন থেকে যেকোনো ব্যবসায়ী বাণিজ্য অনুমতি নেওয়ার পরে ১ বছর, ২ বছর, ৩ বছর বা ৪ বছর অথবা সর্বোচ্চ ৫ বছর পর্যন্ত নবায়ন সুবিধা গ্রহণ করতে পারবে।

এ সেবা প্রথম ডিসিসিআইয়ের মাধ্যমে শুরু হলো জানিয়ে ঢাদসিক মেয়র বলেন, এই সেবা এ সুযোগ এই অর্থবছরের আজ থেকে আমরা শুরু করছি এবং এই অর্থবছরের প্রথম সেবাদান কার্যক্রম ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের সদস্যদের দিয়েই আমরা শুরু করছি। ঢাকা চেম্বার দিয়েই শুরু করছি, কারণ আমি মনে করি, ঢাকা শহরের ব্যবসা-বাণিজ্যের কেন্দ্রবিন্দু হিসেবে ঢাকা চেম্বার দীর্ঘদিন ধরে তার অবস্থান করে নিয়েছে। ঢাকা চেম্বার ঢাকা শহরের ব্যবসা-বাণিজ্যের নেতৃত্বদানকারী প্রতিষ্ঠান। প্রতি বছরের জুলাই মাসের প্রথম সপ্তাহ থেকে দুই সপ্তাহব্যাপী এখানে একটি বুথ দিয়ে রাজস্ব সেবা আমরা নিশ্চিত করব।

এ কার্যক্রমের মাধ্যমে করপোরেশনের সঙ্গে ব্যবসায়ী সমাজের সম্পর্ক সুসংহত হলো উল্লেখ করে তিনি বলেন, এর মাধ্যমে ঢাকা চেম্বারের সঙ্গে আমাদের যে নিবিড় সম্পর্ক তা আরো সুসংহত হলো। ব্যবসায়ীদের সঙ্গে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের যে নিবিড় সম্পর্ক তা আরো সুসংহত হলো। অংশীজন হিসেবে আমাদের ঐক্যবদ্ধভাবে পথ চলতে হবে এবং পথ চলা উচিত- আজকের এই অনুষ্ঠানের মাধ্যমে তা আরো সমৃদ্ধ হলো।

কামরাঙ্গীরচরকে একটি কেন্দ্রীয় বাণিজ্যিক অঞ্চল হিসেবে গড়ে তুলতে গৃহীত পরিকল্পনা উল্লেখ করে ঢাদসিক মেয়র ব্যারিস্টার শেখ তাপস বলেন, প্রত্যেক শহরের একটি সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্ট বা ফাইন্যান্সিয়াল হাব থাকে। ঢাকা যখন স্থাপিত হয় তখন চকবাজার ফিন্যান্সিয়াল হাব হিসেবে স্থাপিত হয়। কিন্তু ঢাকাকে নিয়ে কোনো সময় সুপরিকল্পিত নগরায়ণের চিন্তা করা হয়নি। যে কারণে চকবাজারের সেই জৌলুস বা কার্যক্রম এখন ধীরে ধীরে ম্লান হয়ে গেছে। পরবর্তীতে মতিঝিলকে ফিন্যান্সিয়াল ডিস্ট্রিক্ট হিসেবে বিবেচনা করা হয়েছিল। কিন্তু কালের বিবর্তনে মতিঝিলও তার জৌলুস হারিয়েছে। আমরা ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন থেকে শহর পরিকল্পনার লক্ষ্যে মহাপরিকল্পনা প্রণয়নের কার্যক্রম হাতে নিয়েছে। যার মাধ্যমে আমরা চকবাজারকে আবার পুনরুজ্জীবিত করতে চাই। আমরা চাই সেটা ব্যবসায়িক প্রাণকেন্দ্র হিসেবে আবার মাথা উঁচু করে দাঁড়াবে। মতিঝিলকেও আমরা আবার পুনরুজ্জীবিত করতে চাই। সেগুলো বাস্তবায়নে আমরা এ বছর থেকেই কার্যক্রমে যাব। এছাড়াও স্মার্ট বাংলাদেশের যে রূপকল্প, তার আলোকে আমরা কামরাঙ্গীরচরকে একটি সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টে রূপান্তরিত করার পরিকল্পনা হাতে নিয়েছি।

বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)
জাতীয় বার্তা সংস্থা

# ডিসিসিআই কার্যালয়ে ট্রেড লাইসেন্স সেবা বুথ চালু

বাসস
০৬ জুলাই ২০২৩, ১৯:২৫
আপডেট : ০৬ জুলাই ২০২৩, ১৯:২৯

ঢাকা, ৬ জুলাই, ২০২৩ (বাসস) : ব্যবসায়িদের অধিকতর উন্নত সেবা প্রদান এবং ব্যবসায়িক কার্যক্রম সহজ করার লক্ষ্যে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে।

ঢাকা দক্ষিণ সিটি মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস চুক্তি সই অনুষ্ঠানে প্রধান অতিথি থেকে 'ট্রেড লাইসেন্স সেবা বুথ' এর উদ্বোধন করেন। যার মাধ্যমে আগামী দুই সপ্তাহ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাভুক্ত ডিসিসিআইয়ের সদস্যবৃন্দ ট্রেড লাইসেন্স নবায়নসহ নতুন ট্রেড লাইসেন্স গ্রহণ করতে পারবেন।

এসময় স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার বলেন, ডিসিসিআই এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মধ্যকার এই সমঝোতা স্মারকের ফলে ব্যবসায়ি সমাজ উপকৃত হবে। তিনি জানান, এ সমঝোতা চুক্তির মাধ্যমে ডিসিসিআইতে 'ট্রেড লাইসেন্স সার্ভিস বুথ' স্থাপন করা হয়েছে। যেখান থেকে ঢাকা দক্ষিণ সিটির আওতাধীন ঢাকা চেম্বারের সদস্যবৃন্দ নিজেদের ট্রেড লাইসেন্স নবায়নসহ নতুন ট্রেড লাইসেন্স করতে পারবেন এবং এ সুবিধা আগামী দুই সপ্তাহ পর্যন্ত চালু থাকবে। ট্রেড লাইসেন্স বিষয়ক সেবা প্রাপ্তির ক্ষেত্রে ডিসিসিআইতে স্থাপিত বুথটি ওয়ান-স্টপ পয়েন্ট হিসেবে কাজ করবে এবং এ উদ্যোগটি সরকারি-বেসরকারি সমন্বয়ের একটি মাইলফলক হিসেবে কাজ করতে থাকবে।

ঢাকা দক্ষিণ সিটি মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বলেন, বাংলাদেশের জিডিপিতে ঢাকা শহর কেন্দ্রিক বাণিজ্যিক কার্যক্রমের অবদান প্রায় ৩৬ শতাংশ এবং এ ধারাবাহিকতা বাড়ানোর পাশাপাশি নাগরিক সুবিধা বৃদ্ধিকল্পে দক্ষিণ সিটি কর্পোরেশন বেশ কিছু উদ্যোগ গ্রহণ করেছে। তিনি জানান, সিটি কর্পোরেশনের সেবা-পরিসেবাসমূহ ডিজিটাল কার্যক্রমের আওতায় নিয়ে আসা হয়েছে। যার ফলশ্রুতিতে সিটি কর্পোরেশনের রাজস্ব আহরণ বৃদ্ধি পেয়েছে।

তিনি বলেন, 'কোনো ধরনের রাজস্ব হার বৃদ্ধি না করেই গত অর্থবছরে আমরা ১,০৫৩ কোটি টাকার রাজস্ব আহরণ করেছি। যা বিগত ৩ বছর পূর্বে ছিল ৫২৪ কোটি টাকা এবং এটি সম্ভব হয়েছে; সিটি কর্পোরেশনের সেবার মান বৃদ্ধি, রাজস্ব আহরণ প্রক্রিয়া সহজীকরণ, স্বচ্ছতা, সুশাসন এবং দূর্নীতি রোধের সমন্বিত উদ্যোগের মাধ্যমে। মেয়র জানান, সমঝোতা স্মারকের মাধ্যমে সিটি কর্পোরেশন এ অর্থবছরে আনুষ্ঠানিকভাবে ট্রেড লাইসেন্স নবায়ন ও নতুন ট্রেড লাইসেন্স প্রদান কার্যক্রম শুরু করেছে; যেখানে দক্ষিণ সিটির ১০টি অঞ্চলের অধিভুক্ত ডিসিসিআইয়ের সদস্যবৃন্দ নির্ধারিত ফি প্রদানের মাধ্যমে এ সেবা গ্রহণ করতে পারবেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. মিজানুর রহমান বক্তব্য রাখেন।

bdnews24.com

নিজস্ব প্রতিবেদক · বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

Published : 6 July 2023, 03:23 PM · Updated : 6 July 2023, 03:23 PM

# ব্যবসার জন্য পাঁচ বছর মেয়াদী লাইসেন্স দেবে ডিএসসিসি

*ডিসিসিআইয়ের যেকোনো সদস্য প্রাতিষ্ঠানিকভাবে ডিসিসিআই ভবনে স্থাপিত দক্ষিণ সিটির বুথ থেকে পাঁচ বছর মেয়াদী ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়নের এই সুবিধা নিতে পারবে। এছাড়া করপোরেশনের আওতাধীন যেকোনো ব্যবসায়িক প্রতিষ্ঠান নিজ নিজ অঞ্চল থেকে এ সেবা নিতে পারবে।*







ব্যবসা প্রতিষ্ঠানের জন্য পাঁচ বছর মেয়াদী ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন কার্যক্রম শুরু করেছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি।

বৃহস্পতিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই) মিলনায়তনে 'ট্রেড লাইসেন্স সেবা বুথ' স্থাপনের মাধ্যমে দুই সপ্তাহব্যাপী (৬-২০ জুলাই) এই কার্যক্রমের উদ্বোধন করেন ডিএসসিসি মেয়র শেখ ফজলে নূর তাপস।

এ সময় মেয়র বলেন, "ব্যবসা সহজীকরণের একটি বড় দাবি ছিল আমাদের ব্যবসায়ী সমাজের। বাণিজ্য অনুমতি (ট্রেড লাইসেন্স) প্রত্যেক বছর নবায়ন করতে হয়। এই বিষয়টি তাদের (ব্যবসায়ীদের) অনেক সময় মনে থাকে না অথবা দেখা যায় যে বছরের শেষ প্রান্তে এসে করতে হয়।

"সেসব বিষয়কে সহজীকরণ করার জন্য আইন অনুযায়ী ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে আমরা প্রথমবারের মতো ৫ বছর মেয়াদী ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়নের কার্যক্রম আজ থেকে শুরু করলাম। এখন থেকে যেকোনো ব্যবসায়ী বাণিজ্য অনুমতি নেওয়ার পরে ১ বছর, ২ বছর, ৩ বছর বা ৪ বছর অথবা সর্বোচ্চ ৫ বছর পর্যন্ত নবায়ন সুবিধা গ্রহণ করতে পারবেন।"

এ সেবা প্রথম ডিসিসিআইর মাধ্যমে শুরুর কারণ ব্যাখ্যায় তিনি বলেন, "ঢাকা চেম্বার দিয়েই শুরু করছি, কারণ, আমি মনে করি, ঢাকা শহরের ব্যবসা-বাণিজ্যের কেন্দ্রবিন্দু হিসেবে ঢাকা চেম্বার দীর্ঘদিন ধরে তার অবস্থান করে নিয়েছে। ঢাকা চেম্বার ঢাকা শহরের ব্যবসা-বাণিজ্যের নেতৃত্বদানকারী প্রতিষ্ঠান। প্রতি বছরের জুলাই মাসের প্রথম সপ্তাহ থেকে দুই সপ্তাহব্যাপী এখানে একটি বুথ দিয়ে রাজস্ব সেবা আমরা নিশ্চিত করব।

"এর মাধ্যমে ঢাকা চেম্বারের সাথে আমাদের যে নিবিড় সম্পর্ক, তা আরো সুসংহত হল। ব্যবসায়ীদের সাথে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের যে নিবিড় সম্পর্ক তা আরো সুসংহত হল। অংশীজন হিসেবে আমাদের ঐক্যবদ্ধভাবে পথ চলতে হবে এবং পথ চলা উচিত- আজকের এই অনুষ্ঠানের মাধ্যমে তা আরো সমৃদ্ধ হলো।"

একটি কেন্দ্রীয় বাণিজ্যিক অঞ্চল গড়ে তোলার পরিকল্পনার কথা জানিয়ে মেয়র তাপস বলেন, "প্রত্যেক শহরের একটি সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্ট বা ফাইন্যান্সিয়াল হাব থাকে। ঢাকা যখন স্থাপিত হয় তখন চকবাজার ফিন্যান্সিয়াল হাব হিসেবে স্থাপিত হয়।

"কিন্তু ঢাকাকে নিয়ে কোনো সময় সুপরিকল্পিত নগরায়নের চিন্তা করা হয়নি। যে কারণে চকবাজারের সেই জৌলুস বা কার্যক্রম এখন ধীরে ধীরে ম্লান হয়ে গেছে। পরবর্তীতে মতিঝিলকে ফিন্যান্সিয়াল ডিস্ট্রিক্ট হিসেবে বিবেচনা করা হয়েছিল। কিন্তু কালের বিবর্তনে মতিঝিলও তার সেই জৌলুস হারিয়েছে।"

তিনি বলেন, "আমরা ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন থেকে শহর পরিকল্পনার লক্ষ্যে মহাপরিকল্পনা প্রণয়নের কার্যক্রম হাতে নিয়েছে। যার মাধ্যমে আমরা চকবাজারকে আবার পুনরুজ্জীবিত করতে চাই। আমরা চাই সেটা ব্যবসায়িক প্রাণকেন্দ্র হিসেবে আবার মাথা উঁচু করে দাঁড়াবে। মতিঝিলকেও আমরা আবার পুনরুজ্জীবিত করতে চাই। সেগুলো বাস্তবায়নে আমরা এ বছর থেকেই কার্যক্রমে যাব। এছাড়াও স্মার্ট বাংলাদেশের যে রূপকল্প, তার আলোকে আমরা কামরাঙ্গীরচরকে একটি সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টে রূপান্তরিত করার পরিকল্পনা হাতে নিয়েছি।"




'ট্রেড লাইসেন্স সেবা বুথ' একটি 'ওয়ান স্টপ সার্ভিস' পয়েন্ট হিসেবে কাজ করবে জানিয়ে ডিসিসিআই সভাপতি মো. সমীর সাত্তার বলেন, "এ ধরনের উদ্যোগ পাবলিক-প্রাইভেট পার্টনারশিপের একটি অনন্য উদাহরণ এবং এর মাধ্যমে ব্যবসা সহজীকরণ প্রচেষ্টা শক্তিশালী হল।"

কর্মকর্তারা জানান, ডিসিসিআইয়ের যেকোনো সদস্য প্রাতিষ্ঠানিকভাবে ডিসিসিআই ভবনে স্থাপিত দক্ষিণ সিটির বুথ থেকে পাঁচ বছর মেয়াদী ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়নের এই সুবিধা নিতে পারবে। এছাড়া করপোরেশনের আওতাধীন যেকোনো ব্যবসায়িক প্রতিষ্ঠান নিজ নিজ অঞ্চল থেকে এ সেবা নিতে পারবে।

অনুষ্ঠান শেষে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের সাথে ডিসিসিআইয়ের একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. মিজানুর রহমান এবং ডিসিসিআইয়ের সেক্রেটারি জেনারেল আনসারুল আরিফিন নিজ নিজ পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

ডিএসসিসির প্রধান রাজস্ব কর্মকর্তা আরিফুল হক ও পরিচালনা পরিষদের সদস্যরা এসময় উপস্থিত ছিলেন।

UNB

# DCCI, DSCC sign deal to renew trade licence for maximum 5 years

UNB NEWS DHAKA PUBLISH- JULY 06, 2023, 07:57 PM UNB NEWS



The Dhaka Chamber of Commerce & Industry and Dhaka South City Corporation (DSCC) signed a deal on Thursday to renew trade licence for maximum five years.

As part of the initiative "Trade Licence Service Booth" was established at the DCCI office to give online trade licence renewal services to the DCCI members of the South City Corporation area.

A Memorandum of Understanding (MoU) signed on Thursday (July 6, 2023) at DCCI Auditorium in the presence of the Mayor of DSCC Barrister Sheikh Fazle Noor Taposh, and DCCI President Barrister Md. Sameer Sattar.

Read: **DSCC to build road networks in 18 new wards based on DAP: Mayor Taposh**

Earlier, Taposh inaugurated the online trade licence renewal process at DCCI and also handed over the renewed licences among the DCCI members on the spot.

The DSCC mayor termed this initiative as a milestone of public-private partnership to steer the economic development of the country.

He said that from July this year, businessmen, especially under 10 zones of the southern part of the city, will get a fully online trade licence renewal facility for one year to five years.

The DCCI president thanked the mayor for such a remarkable initiative by which businessmen will be benefitted.

The DSCC initially will provide service for the next two weeks up to July 20 to give services to the members of DCCI who have their businesses in the South City Corporation areas.

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর
বৃহস্পতিবার, ০৬ জুলাই ২০২৩
২২ আষাঢ় ১৪৩০

# পাঁচ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স উদ্বোধন করলেন মেয়র তাপস

বাংলা ট্রিবিউন রিপোর্ট

০৬ জুলাই ২০২৩, ১৫:৩১



ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) আওতাধীন ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোর জন্য পাঁচ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন কার্যক্রম উদ্বোধন করেছেন সংস্থাটির মেয়র শেখ ফজলে নূর তাপস।

বৃহস্পতিবার (৬ জুলাই) দুপুরে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) মিলনায়তনে আয়োজিত দুই সপ্তাহব্যাপী (৬-২০ জুলাই) 'ট্রেড লাইসেন্স সেবা বুথ স্থাপনের' মাধ্যমে প্রথমবারের মতো পাঁচ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন সুবিধার উদ্বোধন করেন তিনি।

উদ্বোধন শেষে মেয়র তাপস বলেন, 'ব্যবসা সহজীকরণের একটি বড় দাবি ছিল আমাদের ব্যবসায়ী সমাজের। বাণিজ্য অনুমতি (ট্রেড লাইসেন্স) প্রত্যেক বছর নবায়ন করতে হয়। এই বিষয়টি ব্যবসায়ীদের অনেক সময় মনে থাকে না অথবা দেখা যায় বছরের শেষ প্রান্তে এসে করতে হয়। সেসব বিষয়কে সহজীকরণ করতে আইন অনুযায়ী ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে আমরা প্রথমবারের মতো পাঁচ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়নের কার্যক্রম শুরু করলাম। এখন থেকে যেকোনও ব্যবসায়ী বাণিজ্য অনুমতি নেওয়ার পর এক, দুই, তিন, চার বছর অথবা সর্বোচ্চ পাঁচ বছর পর্যন্ত নবায়ন সুবিধা গ্রহণ করতে পারবেন।'



ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি এবং ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মধ্যে সমঝোতা স্মারক সই

এ সেবা প্রথম ডিসিসিআই'র মাধ্যমে শুরু হলো জানিয়ে মেয়র বলেন, 'আজ থেকে আমরা এই সেবা শুরু করছি। এই অর্থবছরের প্রথম সেবাদান কার্যক্রম ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সদস্যদের দিয়েই শুরু করছি আমরা। ঢাকা চেম্বার দিয়েই শুরু করছি, কারণ আমি মনে করি, ঢাকা শহরের ব্যবসা-বাণিজ্যের কেন্দ্রবিন্দু হিসেবে ঢাকা চেম্বার দীর্ঘদিন ধরে তার অবস্থান করে নিয়েছে। ঢাকা চেম্বার ঢাকা শহরের ব্যবসা-বাণিজ্যের নেতৃত্বদানকারী প্রতিষ্ঠান। প্রতি বছরের জুলাই মাসের প্রথম সপ্তাহ থেকে দুই সপ্তাহব্যাপী এখানে একটি বুথ দিয়ে রাজস্ব সেবা আমরা নিশ্চিত করবো।'

কামরাঙ্গীরচরকে একটি কেন্দ্রীয় বাণিজ্যিক অঞ্চল হিসেবে গড়ে তুলতে গৃহীত পরিকল্পনার কথা উল্লেখ করে এ সময় শেখ তাপস বলেন, 'প্রত্যেক শহরের একটি সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্ট বা ফিন্যান্সিয়াল হাব থাকে। ঢাকা যখন স্থাপিত হয় তখন চকবাজার ফিন্যান্সিয়াল হাব হিসেবে স্থাপিত হয়। কিন্তু ঢাকাকে নিয়ে কোনও সময় সুপরিকল্পিত নগরায়নের চিন্তা করা হয়নি। যে কারণে চকবাজারের সেই জৌলুস বা কার্যক্রম এখন ধীরে ধীরে ম্লান হয়ে গেছে। পরবর্তী সময়ে মতিঝিলকে ফিন্যান্সিয়াল ডিস্ট্রিক্ট হিসেবে বিবেচনা করা হয়েছিল। কিন্তু কালের বিবর্তনে মতিঝিলও তার সেই জৌলুস হারিয়েছে। আমরা ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন থেকে শহর পরিকল্পনার লক্ষ্যে মহাপরিকল্পনা প্রণয়নের কার্যক্রম হাতে নিয়েছে। যার মাধ্যমে আমরা চকবাজারকে আবার পুনরুজ্জীবিত করতে চাই। আমরা চাই সেটা ব্যবসায়িক প্রাণকেন্দ্র হিসেবে আবার মাথা উঁচু করে দাঁড়াবে। মতিঝিলকেও আমরা আবার পুনরুজ্জীবিত করতে চাই। সেগুলো বাস্তবায়নে আমরা এ বছর থেকেই কার্যক্রমে যাবো। এছাড়াও স্মার্ট বাংলাদেশের যে রূপকল্প, তার আলোকে আমরা কামরাঙ্গীরচরকে একটি সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টে রূপান্তরিত করার পরিকল্পনা হাতে নিয়েছি।'

অনুষ্ঠান শেষে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের সঙ্গে ডিসিসিআই'র একটি সমঝোতা স্মারক সই হয়। করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. মিজানুর রহমান এবং ডিসিসিআই'র সেক্রেটারি জেনারেল আনসারুল আরিফিন নিজ নিজ পক্ষে সমঝোতা স্মারকে সই করেন।

ডিসিসিআই সভাপতি ব্যারিস্টার মো. সমীর সাত্তার বলেন, 'আজ যে সমঝোতা স্মারক সই হলো তা ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি এবং ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মধ্যকার একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। ডিসিসিআই'র যেকোনও সদস্য প্রাতিষ্ঠানিকভাবে ডিসিসিআই ভবনে স্থাপিত দক্ষিণ সিটির বুথ থেকে আজ থেকে পাঁচ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়নের এই সুবিধা গ্রহণ করতে পারবেন। এছাড়াও নিজ নিজ অঞ্চল থেকে এ সেবা গ্রহণ করতে পারবেন করপোরেশনের আওতাধীন যেকোনও ব্যবসায়িক প্রতিষ্ঠান।'

এ সময় অন্যান্যের মধ্যে ছিলেন করপোরেশনের প্রধান রাজস্ব কর্মকর্তা আরিফুল হক ও ডিসিসিআইয়ের বোর্ড অব ডাইরেক্টরসের নেতারা।

BANGLA NEWS 24.com

# সর্বোচ্চ ৫ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স নবায়ন করা যাবে: তাপস

স্টাফ করেসপন্ডেন্ট | বাংলানিউজটোয়েন্টিফোর.কম

আপডেট: ১৫৩২ ঘণ্টা, জুলাই ৬, ২০২৩




দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস। ছবি: ডিএইচ বাদল

**ঢাকা:** ব্যবসায়ীরা সর্বোচ্চ ৫ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স নবায়ন করতে পারবেন বলে জানিয়েছেন দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস। তিনি বলেন, ট্রেড লাইসেন্স সেবা সহজীকরণ করতে এখন থেকে যেকোনো ব্যবসায়ী তার বাণিজ্য অনুমতি নেওয়ার পর যখন নবায়ন করবেন, তিনি চাইলে এক থেকে সর্বোচ্চ পাঁচ বছর মেয়াদী করতে পারবেন।

এখন থেকে প্রতি বছর জুলাই মাসের প্রথম সপ্তাহ থেকে দুই সপ্তাহব্যাপী মতিঝিল ঢাকা চেম্বারের একটি বুথ দিয়ে রাজস্ব সেবা ও ট্রেড লাইসেন্স নবায়ন সেবা পরিচালনা করা হবে। এখানে ঢাকা চেম্বারের সব সদস্য আসতে পারবেন এবং আশপাশের অঞ্চলগুলোর সেবাগ্রহীতার চাইলে এখান থেকে সেবা নিতে পারবেন।

বৃহস্পতিবার (৬ জুলাই) সকাল সাড়ে ১০টার দিকে ডিসিসিআই ভবনের অডিটোরিয়ামে দুই সপ্তাহব্যাপী ট্রেড লাইসেন্স সেবা বুথ স্থাপনের মাধ্যমে প্রথমবারের মতো পাঁচ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স ইস্যু বা নবায়ন সুবিধা কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তাপস।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই) সদস্যদেরকে অধিকতর সেবা প্রদান ও বাণিজ্য সহজীকরণের অংশ হিসেবে এ কার্যক্রম উদ্বোধন করা হয়। ট্রেড লাইসেন্স সেবা দেওয়ার জন্য ঢাকা চেম্বার কার্যালয়ে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের বুথ স্থাপনের আহ্বান জানিয়েছিল ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। তারই পরিপ্রেক্ষিতে ঢাকা চেম্বার অব কমার্সের অডিটোরিয়ামে এ সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়।

মেয়র বলেন, আমরা কয়েকটি বিষয়ে ডিসিসিআই'র সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর করছি। আমাদের ব্যবসায়ীদের একটা দাবি ছিল, প্রতি বছর ট্রেড লাইসেন্স নবায়ন করতে হয়। এর ফলে ব্যবসায়ীদের অনেক সময় নবায়ন করতে মনে থাকে না অথবা শেষ সময় এসে নবায়ন করতে হতো। এমন অনেক বিষয় থাকে। আর সে কাজগুলোকে সহজীকরণ করতে এখন থেকে যেকোনো ব্যবসায়ী বাণিজ্য অনুমতি নেওয়ার পর যখন নবায়ন করবেন, তখন তিনি চাইলে নবায়ন এক থেকে সর্বোচ্চ পাঁচ বছর মেয়াদী করতে পারবেন। আর এ সুযোগ আমরা আজকে (বৃহস্পতিবার) থেকে শুরু করছি।

তিনি বলেন, আমি মনে করি ঢাকা শহরের ব্যবসা-বাণিজ্যের সব কেন্দ্রবিন্দু হিসেবে ঢাকা চেম্বার ইতোমধ্যে তার অবস্থান করে নিয়েছে। সেই পরিপ্রেক্ষিতে ট্রেড লাইসেন্স নবায়নের যে পরিসেবা তা আমরা ঢাকা চেম্বার থেকে শুরু করছি। তাই এখন থেকে প্রতি বছর জুলাই মাসের প্রথম সপ্তাহ থেকে দুই সপ্তাহব্যাপী এখানে একটি বুথ দিয়ে আমরা রাজস্ব সেবা এবং ট্রেড লাইসেন্স নবায়ন সেবার পরিচালনা করব। ঢাকা চেম্বারের সকল সদস্য আসতে পারবেন এবং আশেপাশের সকল অঞ্চলের সেবাগ্রহীতার চাইলে এখান থেকে সেবা নিতে পারবেন। এখানে আমাদের উপকর এবং রাজস্ব কর্মকর্তারা দায়িত্ব পালন করবেন।

ডিএসসিসি মেয়র বলেন, আগে সব মিলিয়ে দক্ষিণ সিটি কর্পোরেশন রাজস্ব আয় ছিল ৫২৪ কোটি টাকা। তবে কোনোরকম কর বৃদ্ধি না করে দুই বছর করোনার মাঝে কাজ করে বর্তমানে এক হাজার ৫৩ কোটি টাকা রাজস্ব আয় হচ্ছে। যেটা দ্বিগুণের চেয়ে পাঁচ কোটি টাকা বেশি। যা প্রমাণ করে, আমরা আমাদের সেবার মান বৃদ্ধি এবং সহজীকরণ করেছি। পাশাপাশি সুশাসন নিশ্চিত এবং দুর্নীতিমুক্ত করে আমরা এই কার্যক্রমে সফল হয়েছি। সামনে দিকে এই রাজস্ব আয় আরও বৃদ্ধি হবে।

তাপস বলেন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও ঢাকা চেম্বার অব কমার্সসহ ঢাকাকে কেন্দ্র করে যাদের অবস্থান এবং চিন্তাচেতনা আছে তাদের সবাইকে নিয়েই আমরা কাজ করতে চাই। এবং সকলকে অংশীজন করে আমরা ঢাকাবাসী সেই স্বপ্নপূরণ করতে চাই। সে লক্ষ্যে আমরা কাজ শুরু করেছি। আমাদের সেবাকে অনলাইন ডিজিটাল প্ল্যাটফর্মে রূপান্তরিত করা। পাশাপাশি সেবার মানকে বৃদ্ধি করা। একই সঙ্গে রাজস্ব ব্যবস্থা যেহেতু আমাদের সেবার একটি বড় অংশ তাই সেই রাজস্ব ব্যবস্থাকে সহজীকরণ বা আধুনিকরণ করার কাজ করে চলছি।

তিনি আরও বলেন, আমি যখন দায়িত্ব গ্রহণ করি তখন করোনা মহামারি চরম পর্যায়। তার মাঝেও আমরা কাজ করেছি। সেটার ফল আমরা এখন পাওয়া শুরু করেছি। আমি যখন দায়িত্ব নিয়েছিলাম তখন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন দেউলিয়াগ্রস্থ প্রতিষ্ঠান ছিল। তখন ঢাকাবাসীর আস্থার জায়গায় দক্ষিণ সিটি কর্পোরেশন নিচের দিকে ছিল। তবে এখন জিডিপির ৩৬ ভাগ ঢাকাবাসী দিয়ে থাকে। আর আগে আমাদের ট্রেড লাইসেন্স এবং বাণিজ্য বাবদ আয় ছিল মাত্র ৫৫ কোটি টাকা। যদিও গত তিন বছরে ট্রেড লাইসেন্সের কোনো মূল্য বৃদ্ধি করা হয়নি। এবং ভবিষ্যতেও হবে না। সকল প্রতিকূলতার মধ্যেও গত তিন বছরের মধ্যে এ অর্থ বছরে আমাদের রাজস্ব আয় হয়েছে প্রায় ৯৭ কোটি টাকা। যা আগের তুলনায় প্রায় দ্বিগুণের কাছাকাছি।

দক্ষিণ সিটির মহাপরিকল্পনা নিয়ে মেয়র বলেন, ঢাকাকে যখন প্রথম শহর হিসেবে স্থাপন করা হয় তখন এর অভ্যন্তরে বিজনেস হাব ছিল চকবাজার। কিন্তু এখন চকবাজার তার জৌলুশ হারিয়ে ফেলেছে। পরবর্তীতে মতিঝিলকে একটি বাণিজ্যিক নগরী হিসেবে করার কথা ছিল। কিন্তু সেটাও বাস্তবায়ন হয়নি। তবে আমরা ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন চাই এগুলোকে পুনরুজ্জীবিত করতে। আমরা একটি মহাপরিকল্পনা হাতে নিয়েছি, যার মাধ্যমে চকবাজার ও মতিঝিলকে আমরা পুনরুজ্জীবিত করতে চাই। একটি শহরকে যেভাবে সুপরিকল্পিত করা যায় সে লক্ষ্যে আমরা কাজ শুরু করছি। যা এ বছর থেকেই আমরা বাস্তবায়ন করছি।

এ মহাপরিকল্পনার পরিপ্রেক্ষিতে আমরা কামরাঙ্গিরচরকেও একটি সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্ট হিসাবে গড়ে তুলতে চাই। সেখানে আমরা ৫০ তলা একটি স্কাই স্ক্র্যাপার নির্মাণ করব।   যেখানে শপিং মলসহ পাঁচ তারকা হোটেলের মতো সব সুযোগসুবিধার জন্য অবকাঠামো থাকবে। উন্নত বিশ্বের যেমনটা থাকে সেই আদলে আমরা কামরাঙ্গিরচরকে উন্নত করার পরিকল্পনায় কাজ করছি।

বার্তা২৪

# পাঁচ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স উদ্বোধন করলেন মেয়র তাপস



ছবি: সংগৃহীত

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের আওতাধীন ব্যবসায়িক প্রতিষ্ঠানসমূহের জন্য পাঁচ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন কার্যক্রম উদ্বোধন করেছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ঢাদসিক) মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস।

বৃহস্পতিবার (৬ জুলাই) সকাল ১১টায় ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই) এর মিলনায়তনে আয়োজিত ২ সপ্তাহব্যাপী (৬-২০ জুলাই) 'ট্রেড লাইসেন্স সেবা বুথ স্থাপন' এর মাধ্যমে প্রথমবারের মতো ৫ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন সুবিধা কার্যক্রমের উদ্বোধন করেন মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস।

শেখ ফজলে নূর তাপস বলেন, 'ব্যবসা সহজীকরণের একটি বড় দাবি ছিল আমাদের ব্যবসায়ী সমাজের। বাণিজ্য অনুমতি (ট্রেড লাইসেন্স) প্রত্যেক বছর নবায়ন করতে হয়। এই বিষয়টি তাদের (ব্যবসায়ীদের) অনেক সময় মনে থাকে না অথবা দেখা যায় যে বছরের শেষ প্রান্তে এসে করতে হয়। সেসব বিষয়কে সহজীকরণ করার জন্য আইন অনুযায়ী ডিজিটাল প্লাটফর্মের মাধ্যমে আমরা প্রথমবারের মতো ৫ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়নের কার্যক্রম আজ হতে শুরু করলাম। এখন থেকে যে কোনো ব্যবসায়ী বাণিজ্য অনুমতি নেওয়ার পরে ১ বছর, ২ বছর, ৩ বছর বা ৪ বছর অথবা সর্বোচ্চ ৫ বছর পর্যন্ত নবায়ন সুবিধা গ্রহণ করতে পারবে।'

এ সেবা প্রথম ডিসিসিআই এর মাধ্যমে শুরু হলো জানিয়ে শেখ তাপস বলেন, 'এই সেবা, এ সুযোগে এই অর্থ বছরের আজ থেকে আমরা শুরু করছি এবং এই অর্থ বছরের প্রথম সেবাদান কার্যক্রম ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজের সদস্যদের দিয়েই আমরা শুরু করছি। ঢাকা চেম্বার দিয়েই শুরু করছি, কারণ, আমি মনে করি, ঢাকা শহরের ব্যবসা-বাণিজ্যের কেন্দ্রবিন্দু হিসেবে ঢাকা চেম্বার দীর্ঘদিন ধরে তার অবস্থান করে নিয়েছে। ঢাকা চেম্বার ঢাকা শহরের ব্যবসা-বাণিজ্যের নেতৃত্বদানকারী প্রতিষ্ঠান। প্রতি বছরের জুলাই মাসের প্রথম সপ্তাহ থেকে দুই সপ্তাহ ব্যাপী এখানে একটি বুথ দিয়ে রাজস্ব সেবা আমরা নিশ্চিত করব।'

এ কার্যক্রমের মাধ্যমে করপোরেশনের সাথে ব্যবসায়ী সমাজের সম্পর্ক সুসংহত হলো উল্লেখ করে ঢাদসিক মেয়র ব্যারিস্টার শেখ তাপস বলেন, 'এর মাধ্যমে ঢাকা চেম্বারের সাথে আমাদের যে নিবিড় সম্পর্ক তা আরো সুসংহত হল। ব্যবসায়ীদের সাথে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের যে নিবিড় সম্পর্ক তা আরো সুসংহত হল। অংশীজন হিসেবে আমদের ঐক্যবদ্ধভাবে পথ চলতে হবে এবং পথ চলা উচিত -- আজকের এই অনুষ্ঠানের মাধ্যমে তা আরো সমৃদ্ধ হলো।'

কামরাঙ্গীরচরকে একটি কেন্দ্রীয় বাণিজ্যিক অঞ্চল হিসেবে গড়ে তুলতে গৃহিত পরিকল্পনা উল্লেখ করে ঢাদসিক মেয়র ব্যারিস্টার শেখ তাপস বলেন, 'প্রত্যেক শহরের একটি সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্ট বা ফাইন্যান্সিয়াল হাব থাকে। ঢাকা যখন স্থাপিত হয় তখন চকবাজার ফিনান্সিয়াল হাব হিসেবে স্থাপিত হয়। কিন্তু ঢাকাকে নিয়ে কোনো সময় সুপরিকল্পিত নগরায়নের চিন্তা করা হয়নি। যে কারণে চকবাজারের সেই জৌলুস বা কার্যক্রম এখন ধীরে ধীরে ম্লান হয়ে গেছে। পরবর্তীতে মতিঝিলকে ফিন্যান্সিয়াল ডিস্ট্রিক্ট হিসেবে বিবেচনা করা হয়েছিল। কিন্তু কালের বিবর্তনে মতিঝিলও তার সেই জৌলুস হারিয়েছে। আমরা ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন থেকে শহর পরিকল্পনার লক্ষ্যে মহাপরিকল্পনা প্রণয়নের কার্যক্রম হাতে নিয়েছে। যার মাধ্যমে আমরা চকবাজারকে আবার পুনরুজ্জীবিত করতে চাই। আমরা চাই সেটা ব্যবসায়িক প্রাণকেন্দ্র হিসেবে আবার মাথা উঁচু করে দাঁড়াবে। মতিঝিলকেও আমরা আবার পুনরুজ্জীবিত করতে চাই। সেগুলো বাস্তবায়নে আমরা এ বছর থেকেই কার্যক্রমে যাবো। এছাড়াও স্মার্ট বাংলাদেশের যে রূপকল্প, তার আলোকে আমরা কামরাঙ্গীরচরকে একটি সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টে রূপান্তরিত করার পরিকল্পনা হাতে নিয়েছি।'

অনুষ্ঠানে ডিসিসিআই সভাপতি ব্যারিস্টার মো. সমীর সাত্তার বলেন, "আজকে যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হলো তা ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এবং ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মধ্যকার একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। এই এমওইউ স্বাক্ষরের মাধ্যমে এখানে স্থাপিত বুথটি একটি 'ওয়ান স্টপ সার্ভিস' পয়েন্ট হিসেবে কাজ করবে। এ ধরনের উদ্যোগ পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ এর একটি অনন্য উদাহরণ এবং এর মাধ্যমে ব্যবসা সহজীকরণ প্রচেষ্টা শক্তিশালী হলো।"

ডিসিসিআই এর যে কোনো সদস্য প্রাতিষ্ঠানিকভাবে ডিসিসিআই ভবনে স্থাপিত দক্ষিণ সিটির বুথ থেকে আজ হতে ৫ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়নের এই সুবিধা গ্রহণ করতে পারবেন। এছাড়াও করপোরেশনের আওতাধীন যেকোনো ব্যবসায়িক প্রতিষ্ঠান নিজ নিজ অঞ্চল হতে আজ থেকেই এ সেবা গ্রহণ করতে পারবেন।

অনুষ্ঠান শেষে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের সাথে ডিসিসিআই এর একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. মিজানুর রহমান এবং ডিসিসিআই এর সেক্রেটারি জেনারেল আনসারুল আরিফিন নিজ নিজ পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

এ সময় অন্যান্যের মধ্যে করপোরেশনের প্রধান রাজস্ব কর্মকর্তা আরিফুল হক ও ডিসিসিআইয়ের বোর্ড অব ডাইরেক্টরস এর নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

BBS BANGLA

৬ই জুলাই ২০২৩ | ২২শে আষাঢ় ১৪৩০ | পরীক্ষামূলক প্রকাশনা

# পাঁচ বছর মেয়াদী ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন কার্যক্রম উদ্বোধন

By বিবিএসবাংলা ডেস্ক — জুলাই ৬, ২০২৩ No Comments



ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের আওতাধীন ব্যবসায়িক প্রতিষ্ঠানসমূহের জন্য পাঁচ বছর মেয়াদী ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন কার্যক্রম উদ্বোধন করেছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ঢাদসিক) মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস।

আজ বৃহস্পতিবার (৬ জুলাই) সকাল ১১টায় ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই) এর মিলনায়তনে আয়োজিত ২ সপ্তাহব্যাপী (৬-২০ জুলাই) 'ট্রেড লাইসেন্স সেবা বুথ স্থাপন' এর মাধ্যমে প্রথমবারের মতো ৫ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন সুবিধা কার্যক্রমের উদ্বোধন করেন ঢাদসিক মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস।

ঢাদসিক মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বলেন, "ব্যবসা সহজীকরণের একটি বড় দাবি ছিল আমাদের ব্যবসায়ী সমাজের। বাণিজ্য অনুমতি (ট্রেড লাইসেন্স) প্রত্যেক বছর নবায়ন করতে হয়। এই বিষয়টি তাদের (ব্যবসায়ীদের) অনেক সময় মনে থাকে না অথবা দেখা যায় যে বছরের শেষ প্রান্তে এসে করতে হয়। সেসব বিষয়কে সহজীকরণ করার জন্য আইন অনুযায়ী ডিজিটাল প্লাটফর্মের মাধ্যমে আমরা প্রথমবারের মতো ৫ বছর মেয়াদী ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়নের কার্যক্রম আজ হতে শুরু করলাম। এখন থেকে যে কোনো ব্যবসায়ী বাণিজ্য অনুমতি নেওয়ার পরে ১ বছর, ২ বছর, ৩ বছর বা ৪ বছর অথবা সর্বোচ্চ ৫ বছর পর্যন্ত নবায়ন সুবিধা গ্রহণ করতে পারবে।"

এ সেবা প্রথম ডিসিসিআই এর মাধ্যমে শুরু হলো জানিয়ে ঢাদসিক মেয়র ব্যারিস্টার শেখ তাপস বলেন, "এই সেবা, এ সুযোগে এই অর্থ বছরের আজ থেকে আমরা শুরু করছি এবং এই অর্থ বছরের প্রথম সেবাদান কার্যক্রম ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজের সদস্যদের দিয়েই আমরা শুরু করছি। ঢাকা চেম্বার দিয়েই শুরু করছি, কারণ, আমি মনে করি, ঢাকা শহরের ব্যবসা-বাণিজ্যের কেন্দ্রবিন্দু হিসেবে ঢাকা চেম্বার দীর্ঘদিন ধরে তার অবস্থান করে নিয়েছে। ঢাকা চেম্বার ঢাকা শহরের ব্যবসা-বাণিজ্যের নেতৃত্বদানকারী প্রতিষ্ঠান। প্রতি বছরের জুলাই মাসের প্রথম সপ্তাহ থেকে দুই সপ্তাহ ব্যাপী এখানে একটি বুথ দিয়ে রাজস্ব সেবা আমরা নিশ্চিত করব।"

এ কার্যক্রমের মাধ্যমে করপোরেশনের সাথে ব্যবসায়ী সমাজের সম্পর্ক সুসংহত হলো উল্লেখ করে ঢাদসিক মেয়র ব্যারিস্টার শেখ তাপস বলেন, "এর মাধ্যমে ঢাকা চেম্বারের সাথে আমাদের যে নিবিড় সম্পর্ক তা আরো সুসংহত হল। ব্যবসায়ীদের সাথে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের যে নিবিড় সম্পর্ক তা আরো সুসংহত হল। অংশীজন হিসেবে আমদের ঐক্যবদ্ধভাবে পথ চলতে হবে এবং পথ চলা উচিত — আজকের এই অনুষ্ঠানের মাধ্যমে তা আরো সমৃদ্ধ হলো।"

কামরাঙ্গীরচরকে একটি কেন্দ্রীয় বাণিজ্যিক অঞ্চল হিসেবে গড়ে তুলতে গৃহিত পরিকল্পনা উল্লেখ করে ঢাদসিক মেয়র ব্যারিস্টার শেখ তাপস বলেন, "প্রত্যেক শহরের একটি সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্ট বা ফাইন্যান্সিয়াল হাব থাকে। ঢাকা যখন স্থাপিত হয় তখন চকবাজার ফিনান্সিয়াল হাব হিসেবে স্থাপিত হয়। কিন্তু ঢাকাকে নিয়ে কোনো সময় সুপরিকল্পিত নগরায়নের চিন্তা করা হয়নি। যে কারণে চকবাজারের সেই জৌলুস বা কার্যক্রম এখন ধীরে ধীরে ম্লান হয়ে গেছে। পরবর্তীতে মতিঝিলকে ফিন্যান্সিয়াল ডিস্ট্রিক্ট হিসেবে বিবেচনা করা হয়েছিল। কিন্তু কালের বিবর্তনে মতিঝিলও তার সেই জৌলুস হারিয়েছে। আমরা ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন থেকে শহর পরিকল্পনার লক্ষ্যে মহাপরিকল্পনা প্রণয়নের কার্যক্রম হাতে নিয়েছে। যার মাধ্যমে আমরা চকবাজারকে আবার পুনরুজ্জীবিত করতে চাই। আমরা চাই সেটা ব্যবসায়িক প্রাণকেন্দ্র হিসেবে আবার মাথা উঁচু করে দাঁড়াবে। মতিঝিলকেও আমরা আবার পুনরুজ্জীবিত করতে চাই। সেগুলো বাস্তবায়নে আমরা এ বছর থেকেই কার্যক্রমে যাবো। এছাড়াও স্মার্ট বাংলাদেশের যে রূপকল্প, তার আলোকে আমরা কামরাঙ্গীরচরকে একটি সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টে রূপান্তরিত করার পরিকল্পনা হাতে নিয়েছি।"

অনুষ্ঠানে ডিসিসিআই সভাপতি ব্যারিস্টার মো. সমীর সাত্তার বলেন, "আজকে যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হলো তা ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এবং ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মধ্যকার একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। এই এমওইউ স্বাক্ষরের মাধ্যমে এখানে স্থাপিত বুথটি একটি 'ওয়ান স্টপ সার্ভিস' পয়েন্ট হিসেবে কাজ করবে। এ ধরনের উদ্যোগ পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ এর একটি অনন্য উদাহরণ এবং এর মাধ্যমে ব্যবসা সহজীকরণ প্রচেষ্টা শক্তিশালী হলো।"

# পাঁচ বছর মেয়াদী ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন কার্যক্রম উদ্বোধন করলেন ঢাদসিক মেয়র ব্যারিস্টার শেখ তাপস

রিপোর্টার

আপডেট : বৃহস্পতিবার, ৬ জুলাই, ২০২৩ / ১৯ বার দেখা হয়েছে




বঙ্গনিউজবিডি রিপোর্ট : ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের আওতাধীন ব্যবসায়িক প্রতিষ্ঠানসমূহের জন্য পাঁচ বছর মেয়াদী ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন কার্যক্রম উদ্বোধন করেছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ঢাদসিক) মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস।

আজ বৃহস্পতিবার (৬ জুলাই) সকাল ১১টায় ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই) এর মিলনায়তনে আয়োজিত ২ সপ্তাহব্যাপী (৬-২০ জুলাই) 'ট্রেড লাইসেন্স সেবা বুথ স্থাপন' এর মাধ্যমে প্রথমবারের মতো ৫ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন সুবিধা কার্যক্রমের উদ্বোধন করেন ঢাদসিক মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস।

ঢাদসিক মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বলেন, "ব্যবসা সহজীকরণের একটি বড় দাবি ছিল আমাদের ব্যবসায়ী সমাজের। বাণিজ্য অনুমতি (ট্রেড লাইসেন্স) প্রত্যেক বছর নবায়ন করতে হয়। এই বিষয়টি তাদের (ব্যবসায়ীদের) অনেক সময় মনে থাকে না অথবা দেখা যায় যে বছরের শেষ প্রান্তে এসে করতে হয়। সেসব বিষয়কে সহজীকরণ করার জন্য আইন অনুযায়ী ডিজিটাল প্লাটফর্মের মাধ্যমে আমরা প্রথমবারের মতো ৫ বছর মেয়াদী ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়নের কার্যক্রম আজ হতে শুরু করলাম। এখন থেকে যে কোনো ব্যবসায়ী বাণিজ্য অনুমতি নেওয়ার পরে ১ বছর, ২ বছর, ৩ বছর বা ৪ বছর অথবা সর্বোচ্চ ৫ বছর পর্যন্ত নবায়ন সুবিধা গ্রহণ করতে পারবে।"

এ সেবা প্রথম ডিসিসিআই এর মাধ্যমে শুরু হলো জানিয়ে ঢাদসিক মেয়র ব্যারিস্টার শেখ তাপস বলেন, "এই সেবা, এ সুযোগে এই অর্থ বছরের আজ থেকে আমরা শুরু করছি এবং এই অর্থ বছরের প্রথম সেবাদান কার্যক্রম ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজের সদস্যদের দিয়েই আমরা শুরু করছি। ঢাকা চেম্বার দিয়েই শুরু করছি, কারণ, আমি মনে করি, ঢাকা শহরের ব্যবসা-বাণিজ্যের কেন্দ্রবিন্দু হিসেবে ঢাকা চেম্বার দীর্ঘদিন ধরে তার অবস্থান করে নিয়েছে। ঢাকা চেম্বার ঢাকা শহরের ব্যবসা-বাণিজ্যের নেতৃত্বদানকারী প্রতিষ্ঠান। প্রতি বছরের জুলাই মাসের প্রথম সপ্তাহ থেকে দুই সপ্তাহ ব্যাপী এখানে একটি বুথ দিয়ে রাজস্ব সেবা আমরা নিশ্চিত করব।"

এ কার্যক্রমের মাধ্যমে করপোরেশনের সাথে ব্যবসায়ী সমাজের সম্পর্ক সুসংহত হলো উল্লেখ করে ঢাদসিক মেয়র ব্যারিস্টার শেখ তাপস বলেন, "এর মাধ্যমে ঢাকা চেম্বারের সাথে আমাদের যে নিবিড় সম্পর্ক তা আরো সুসংহত হল। ব্যবসায়ীদের সাথে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের যে নিবিড় সম্পর্ক তা আরো সুসংহত হল। অংশীজন হিসেবে আমদের ঐক্যবদ্ধভাবে পথ চলতে হবে এবং পথ চলা উচিত — আজকের এই অনুষ্ঠানের মাধ্যমে তা আরো সমৃদ্ধ হলো।"

কামরাঙ্গীরচরকে একটি কেন্দ্রীয় বাণিজ্যিক অঞ্চল হিসেবে গড়ে তুলতে গৃহিত পরিকল্পনা উল্লেখ করে ঢাদসিক মেয়র ব্যারিস্টার শেখ তাপস বলেন, "প্রত্যেক শহরের একটি সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্ট বা ফাইন্যান্সিয়াল হাব থাকে। ঢাকা যখন স্থাপিত হয় তখন চকবাজার ফিনান্সিয়াল হাব হিসেবে স্থাপিত হয়। কিন্তু ঢাকাকে নিয়ে কোনো সময় সুপরিকল্পিত নগরায়নের চিন্তা করা হয়নি। যে কারণে চকবাজারের সেই জৌলুস বা কার্যক্রম এখন ধীরে ধীরে ম্লান হয়ে গেছে। পরবর্তীতে মতিঝিলকে ফিন্যান্সিয়াল ডিস্ট্রিক্ট হিসেবে বিবেচনা করা হয়েছিল। কিন্তু কালের বিবর্তনে মতিঝিলও তার সেই জৌলুস হারিয়েছে। আমরা ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন থেকে শহর পরিকল্পনার লক্ষ্যে মহাপরিকল্পনা প্রণয়নের কার্যক্রম হাতে নিয়েছে। যার মাধ্যমে আমরা চকবাজারকে আবার পুনরুজ্জীবিত করতে চাই। আমরা চাই সেটা ব্যবসায়িক প্রাণকেন্দ্র হিসেবে আবার মাথা উঁচু করে দাঁড়াবে। মতিঝিলকেও আমরা আবার পুনরুজ্জীবিত করতে চাই। সেগুলো বাস্তবায়নে আমরা এ বছর থেকেই কার্যক্রমে যাবো। এছাড়াও স্মার্ট বাংলাদেশের যে রূপকল্প, তার আলোকে আমরা কামরাঙ্গীরচরকে একটি সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টে রূপান্তরিত করার পরিকল্পনা হাতে নিয়েছি।"

অনুষ্ঠানে ডিসিসিআই সভাপতি ব্যারিস্টার মো. সমীর সাত্তার বলেন, "আজকে যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হলো তা ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এবং ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মধ্যকার একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। এই এমওইউ স্বাক্ষরের মাধ্যমে এখানে স্থাপিত বুথটি একটি 'ওয়ান স্টপ সার্ভিস' পয়েন্ট হিসেবে কাজ করবে। এ ধরনের উদ্যোগ পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ এর একটি অনন্য উদাহরণ এবং এর মাধ্যমে ব্যবসা সহজীকরণ প্রচেষ্টা শক্তিশালী হলো।"

ডিসিসিআই এর যে কোনো সদস্য প্রাতিষ্ঠানিকভাবে ডিসিসিআই ভবনে স্থাপিত দক্ষিণ সিটির বুথ থেকে আজ হতে ৫ বছর মেয়াদী ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়নের এই সুবিধা গ্রহণ করতে পারবেন। এছাড়াও করপোরেশনের আওতাধীন যেকোনো ব্যবসায়িক প্রতিষ্ঠান নিজ নিজ অঞ্চল হতে আজ থেকেই এ সেবা গ্রহণ করতে পারবেন।

অনুষ্ঠান শেষে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের সাথে ডিসিসিআই এর একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. মিজানুর রহমান এবং ডিসিসিআই এর সেক্রেটারি জেনারেল আনসারুল আরিফিন নিজ নিজ পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

এ সময় অন্যান্যের মধ্যে করপোরেশনের প্রধান রাজস্ব কর্মকর্তা আরিফুল হক ও ডিসিসিআইয়ের বোর্ড অব ডাইরেক্টরস এর নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

DBC 24/7 NEWS

বাংলাদেশ, অর্থনীতি, রাজধানী

# ৫ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স চালু করল ঢাকা দক্ষিণ সিটি

ডেস্ক প্রতিবেদন
ডিবিসি নিউজ

১৯ মিনিট আগে

**ব্যবসার সুবিধার্থে পাঁচ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স দেওয়া শুরু করেছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)। আগে ট্রেড লাইসেন্সের মেয়াদ ছিল এক বছর।**

আজ বৃহস্পতিবার বিকালে ঢাকা চেম্বার অভ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের 'ট্রেড লাইসেন্স সার্ভিস বুথ'-এর উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা দক্ষিণের মেয়র শেখ ফজলে নূর তাপস এ ঘোষণা দেন।

ঢাকা চেম্বার ভবনের অডিটোরিয়ামে দুই সপ্তাহের জন্য 'ট্রেড লাইসেন্স সার্ভিস বুথ' স্থাপন করেছে ডিসিসিআই।

বর্তমানে ব্যবসায়ীরা নতুন ইস্যু করা ট্রেড লাইসেন্সের জন্য এক বছরের বৈধতা পান। মেয়াদ শেষে প্রতিবার এক বছরের জন্য লাইসেন্স নবায়ন করা যায়। নতুন ব্যবস্থায় বাড়তি ফি দিয়ে নতুন ট্রেড লাইসেন্স ইস্যু করার ক্ষেত্রে পাঁচ বছরের মেয়াদ পাওয়া যাবে।

অনুষ্ঠানে তাপস বলেন, ডিসিসিআই-এর সদস্য ছাড়াও ঢাকা দক্ষিণের যেকোনো ব্যবসায়ী বুথ থেকে ট্রেড-লাইসেন্স সংক্রান্ত সেবা নিতে পারবেন। ব্যবসায়ীদের দুর্ভোগ কমাতে ধীরে ধীরে এ ধরনের ওয়ান স্টপ সার্ভিস বুথের সংখ্যা বাড়ানো হবে বলেও জানান তিনি।

অনুষ্ঠানের আয়োজকরা জানান, সরকারি ছুটির দিন বাদে ২০ জুলাই পর্যন্ত এই সেবা দেওয়া হবে।

Dhaka Mail বৃহস্পতিবার, ০৬ জুলাই ২০২৩, ঢাকা

# ডিসিসিআই কার্যালয়ে ট্রেড লাইসেন্স সেবা বুথ চালু

নিজস্ব প্রতিবেদক
প্রকাশিত: ০৬ জুলাই ২০২৩, ১০:১৪ পিএম



ব্যবসায়ীদের অধিকতর উন্নত সেবা প্রদানের পাশাপাশি ব্যবসায়িক কার্যক্রম সহজ করার লক্ষ্যে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি) ও ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) যৌথ সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে।

বৃহস্পতিবার (৬ জুলাই) ঢাকা দক্ষিণ সিটি মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস চুক্তি সই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে 'ট্রেড লাইসেন্স সেবা বুথের' উদ্বোধন করেন। এর মাধ্যমে আগামী দুই সপ্তাহ ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের আওতাভুক্ত ডিসিসিআইয়ের সদস্যবৃন্দ ট্রেড লাইসেন্স নবায়নসহ নতুন ট্রেড লাইসেন্স গ্রহণ করতে পারবেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার বলেন, ডিসিসিআই এবং ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মধ্যকার এই সমঝোতা স্মারকের ফলে ব্যবসায়ী সমাজ উপকৃত হবে। এ সমঝোতা চুক্তির মাধ্যমে ডিসিসিআইতে 'ট্রেড লাইসেন্স সার্ভিস বুথ' স্থাপন করা হয়েছে। যেখান থেকে ঢাকা দক্ষিণ সিটির আওতাধীন ঢাকা চেম্বারের সদস্যবৃন্দ নিজেদের ট্রেড লাইসেন্স নবায়নসহ নতুন ট্রেড লাইসেন্স করতে পারবেন এবং এ সুবিধা আগামী দুই সপ্তাহ পর্যন্ত চালু থাকবে।

এ সময় ট্রেড লাইসেন্স বিষয়ক সেবা প্রাপ্তির ক্ষেত্রে ডিসিসিআইতে স্থাপিত বুথটি ওয়ান-স্টপ পয়েন্ট হিসেবে কাজ করবে এবং এই উদ্যোগটি সরকারি-বেসরকারি সমন্বয়ের একটি মাইলফলক হিসেবেও কাজ করতে থাকবে বলেও জানান তিনি।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বলেন, বাংলাদেশের জিডিপিতে ঢাকা শহরকেন্দ্রিক বাণিজ্যিক কার্যক্রমের অবদান প্রায় ৩৬ শতাংশ। এই ধারাবাহিকতা বাড়ানোর পাশাপাশি নাগরিক সুবিধা বৃদ্ধিকল্পে দক্ষিণ সিটি করপোরেশন বেশকিছু উদ্যোগ গ্রহণ করেছে।

মেয়র জানান, ইতোমধ্যেই সিটি করপোরেশনের সেবা-পরিসেবাসমূহ ডিজিটাল কার্যক্রমের আওতায় নিয়ে আসা হয়েছে। যার ফলশ্রুতিতে সিটি করপোরেশনের রাজস্ব আহরণ বৃদ্ধি পেয়েছে। কোনো ধরনের রাজস্ব হার বৃদ্ধি না করেই গত অর্থবছরে আমরা ১ হাজার ৫৩ কোটি টাকার রাজস্ব আহরণ করেছি। যা বিগত ৩ বছর পূর্বে ছিল ৫২৪ কোটি টাকা এবং এটি সম্ভব হয়েছে সিটি করপোরেশনের সেবার মান বৃদ্ধি, রাজস্ব আহরণ প্রক্রিয়া সহজীকরণ, স্বচ্ছতা, সুশাসন এবং দুর্নীতি রোধের সমন্বিত উদ্যোগের মাধ্যমে।

ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস জানান, সমঝোতা স্মারকের মাধ্যমে সিটি করপোরেশন এ অর্থবছরে আনুষ্ঠানিকভাবে ট্রেড লাইসেন্স নবায়ন ও নতুন ট্রেড লাইসেন্স প্রদান কার্যক্রম শুরু করেছে। যেখানে দক্ষিণ সিটির ১০টি অঞ্চলের অধিভুক্ত ডিসিসিআইয়ের সদস্যবৃন্দ নির্ধারিত ফি প্রদানের মাধ্যমে এই সেবা গ্রহণ করতে পারবেন।

এ দিন অনুষ্ঠানে অন্যদের মধ্যে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. মিজানুর রহমানও বক্তব্য রাখেন।

Jagonews24.com
বস্তুনিষ্ঠ সংবাদের অনলাইন ঠিকানা

# ট্রেড লাইসেন্স সেবা বুথ উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক
প্রকাশিত: ০৪:৫৩ পিএম, ০৬ জুলাই ২০২৩



ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) মিলনায়তনে 'ট্রেড লাইসেন্স সেবা বুথ' স্থাপন করা হয়েছে। বৃহস্পতিবার (৬ জুলাই) ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বুথের উদ্বোধন করেন।

এর মাধ্যমে আগামী দুই সপ্তাহ ঢাকা দক্ষিণের আওতাভুক্ত ডিসিসিআই'র সদস্যরা ট্রেড লাইসেন্স নবায়নসহ নতুন ট্রেড লাইসেন্স গ্রহণ করতে পারবেন।

ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার বলেন, ডিসিসিআই এবং ঢাকা দক্ষিণ সিটির সমঝোতা স্মারকের মাধ্যমে আমাদের ব্যবসায়ী সমাজ উপকৃত হবেন।

'ট্রেড লাইসেন্স সেবা বুথ' একটি 'ওয়ান স্টপ সার্ভিস' পয়েন্ট হিসেবে কাজ করবে বলে জানান তিনি।

ঢাকা চেম্বারের সভাপতি বলেন, এ চুক্তির মাধ্যমে ডিসিসিআইতে 'ট্রেড লাইসেন্স সার্ভিস বুথ' স্থাপন করা হয়েছে। যেখান থেকে ঢাকা দক্ষিণ সিটি আওতাধীন ঢাকা চেম্বারের সদস্যরা নিজেদের ট্রেড লাইসেন্স নবায়নসহ নতুন ট্রেড লাইসেন্স করতে পারবেন। এ সুবিধা আগামী দুই সপ্তাহ পর্যন্ত চালু থাকবে।

মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বলেন, আমাদের জিডিপিতে ঢাকা শহর কেন্দ্রিক বাণিজ্যিক কার্যক্রমের অবদান প্রায় ৩৬ শতাংশ। এ ধারাবাহিকতা বাড়ানোর পাশাপাশি নাগরিক সুবিধা বাড়াতে দক্ষিণ সিটি করপোরেশন বেশ কিছু উদ্যোগ গ্রহণ করেছে।

তিনি জানান, আজকের এ সমঝোতা স্মারকের মাধ্যমে সিটি করপোরেশন এ অর্থবছরে আনুষ্ঠানিকভাবে ট্রেড লাইসেন্স নবায়ন ও নতুন ট্রেড লাইসেন্স প্রদান কার্যক্রম শুরু করেছে। যেখানে দক্ষিণ সিটির ১০টি অঞ্চলের অধিভুক্ত ডিসিসিআই'র সদস্যরা নির্ধারিত ফি প্রদানের মাধ্যমে এ সেবা গ্রহণ করতে পারবেন।

সিটি করপোরেশনের সেবা ডিজিটাল কার্যক্রমের আওতায় নিয়ে আসা হয়েছে উল্লেখ করে মেয়র বলেন, কোনো ধরনের রাজস্ব হার বৃদ্ধি না করেই গত অর্থবছরে আমরা ১০৫৩ কোটি টাকার রাজস্ব আহরণ করেছি। যা বিগত তিন বছর আগে ছিল ৫২৪ কোটি টাকা এবং এটি সম্ভব হয়েছে, সিটি করপোরেশনের সেবার মান বৃদ্ধি, রাজস্ব আহরণ প্রক্রিয়া সহজীকরণ, স্বচ্ছতা, সুশাসন এবং দুর্নীতি রোধের সমন্বিত উদ্যোগের মাধ্যমে।

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. মিজানুর রহমান বলেন, ব্যবসাবান্ধব পরিবেশ তৈরি, ব্যবসায়ী সমাজের ভোগান্তি লাঘবের পাশাপাশি দক্ষিণ সিটি সব ধরনের সেবা নগরবাসীর দোরগোড়ায় পৌঁছে দিতে গুরুত্ব দিয়ে কাজ করছি।

বৃহস্পতিবার, ৬ জুলাই ২০২৩ | ই-পেপার

মানবকণ্ঠ

# ঢাকা দক্ষিণে চালু হলো ৫ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স



ব্যবসা কার্যক্রম সহজ করতে ৫ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স চালু করেছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)।

বৃহস্পতিবার (৬ জুলাই) ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজে দুই সপ্তাহের জন্য 'ট্রেড লাইসেন্স সার্ভিস বুথ' উদ্বোধন করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বলেছেন, পাঁচ বছর মেয়াদি ট্রেড লাইসেন্সের ফলে ব্যবসায়ীদের সুবিধা হবে।

বর্তমানে ব্যবসায়ীরা নতুন ইস্যু করা ট্রেড লাইসেন্সে এক বছরের বৈধতা পান। মেয়াদ শেষে প্রতিবার এক বছরের জন্য লাইসেন্স নবায়ন করা যায়। তবে, নতুন ইস্যু করার সময় বর্ধিত ফি দিয়ে ৫ বছরের জন্য লাইসেন্স করতে পারবেন ব্যবসায়ীরা।

বুথ উদ্বোধনকালে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের (ডিসিসিআই) মধ্যে 'সমঝোতা স্মারক স্বাক্ষর' করা হয়েছে। ঢাকা চেম্বারে স্থাপিত বুথের মাধ্যমে আগামী দুই সপ্তাহ ডিসিসিআই'র সদস্যরা ট্রেড লাইসেন্স নবায়নসহ নতুন ট্রেড লাইসেন্স গ্রহণ করতে পারবেন।

তিনি জানান, এ সমঝোতা চুক্তির মাধ্যমে ডিসিসিআইতে 'ট্রেড লাইসেন্স সার্ভিস বুথ' স্থাপন করা হয়েছে। এখান থেকে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের আওতাধীন ঢাকা চেম্বারের সদস্যরা নিজেদের ট্রেড লাইসেন্স নবায়নসহ নতুন ট্রেড লাইসেন্স করতে পারবেন। এ উদ্যোগটি সরকারি-বেসরকারি সমন্বয়ের মাইলফলক হিসেবে কাজ করবে।

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বলেন, আমাদের জিডিপিতে ঢাকা শহরকেন্দ্রিক বাণিজ্যিক কার্যক্রমের অবদান প্রায় ৩৬ শতাংশ। অবদান বাড়ানোর পাশাপাশি নাগরিক সুবিধা বৃদ্ধি করতে দক্ষিণ সিটি কর্পোরেশন বেশকিছু উদ্যোগ নিয়েছে।

তিনি জানান, সিটি কর্পোরেশনের সেবা-পরিসেবাগুলো ডিজিটাল কার্যক্রমের আওতায় নিয়ে আসা হয়েছে। এর ফলে সিটি কর্পোরেশনের রাজস্ব আহরণ বৃদ্ধি পেয়েছে।

মেয়র বলেন, কোনো ধরনের রাজস্ব হার বৃদ্ধি না করেই গত অর্থবছরে আমরা ১ হাজার ৫৩ কোটি টাকা রাজস্ব আহরণ করেছি, যা ৩ বছর আগে ছিল ৫২৪ কোটি টাকা। এটি সম্ভব হয়েছে, সিটি কর্পোরেশনের সেবার মান বৃদ্ধি, রাজস্ব আহরণ প্রক্রিয়া সহজীকরণ, স্বচ্ছতা, সুশাসন এবং দুর্নীতি রোধের সমন্বিত উদ্যোগের মাধ্যমে।

তিনি জানান, আজকের এ সমঝোতা স্মারকের মাধ্যমে সিটি কর্পোরেশন এ অর্থবছরে আনুষ্ঠানিকভাবে ট্রেড লাইসেন্স নবায়ন ও নতুন ট্রেড লাইসেন্স প্রদান কার্যক্রম শুরু করেছে। দক্ষিণ সিটির ১০টি অঞ্চলের অধীভুক্ত ডিসিসিআই'র সদস্যরা নির্ধারিত ফি দিয়ে এ সেবা নিতে পারবেন।

প্রতি মুহূর্তের খবর
risingbd.com
06 July 2023

# ঢাকা দক্ষিণে চালু হলো ৫ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স



ব্যবসা কার্যক্রম সহজ করতে ৫ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স চালু করেছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)।

বৃহস্পতিবার (৬ জুলাই) ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজে দুই সপ্তাহের জন্য 'ট্রেড লাইসেন্স সার্ভিস বুথ' উদ্বোধন করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বলেছেন, পাঁচ বছর মেয়াদি ট্রেড লাইসেন্সের ফলে ব্যবসায়ীদের সুবিধা হবে।

বর্তমানে ব্যবসায়ীরা নতুন ইস্যু করা ট্রেড লাইসেন্সে এক বছরের বৈধতা পান। মেয়াদ শেষে প্রতিবার এক বছরের জন্য লাইসেন্স নবায়ন করা যায়। তবে, নতুন ইস্যু করার সময় বর্ধিত ফি দিয়ে ৫ বছরের জন্য লাইসেন্স করতে পারবেন ব্যবসায়ীরা।

বুথ উদ্বোধনকালে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের (ডিসিসিআই) মধ্যে 'সমঝোতা স্মারক স্বাক্ষর' করা হয়েছে। ঢাকা চেম্বারে স্থাপিত বুথের মাধ্যমে আগামী দুই সপ্তাহ ডিসিসিআই'র সদস্যরা ট্রেড লাইসেন্স নবায়নসহ নতুন ট্রেড লাইসেন্স গ্রহণ করতে পারবেন।

ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার বলেছেন, ডিসিসিআই এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মধ্যে সমঝোতা স্মারকের মাধ্যমে আমাদের ব্যবসায়ী সমাজকে উপকৃত হবেন।

তিনি জানান, এ সমঝোতা চুক্তির মাধ্যমে ডিসিসিআইতে 'ট্রেড লাইসেন্স সার্ভিস বুথ' স্থাপন করা হয়েছে। এখান থেকে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের আওতাধীন ঢাকা চেম্বারের সদস্যরা নিজেদের ট্রেড লাইসেন্স নবায়নসহ নতুন ট্রেড লাইসেন্স করতে পারবেন। এ উদ্যোগটি সরকারি-বেসরকারি সমন্বয়ের মাইলফলক হিসেবে কাজ করবে।

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বলেন, আমাদের জিডিপিতে ঢাকা শহরকেন্দ্রিক বাণিজ্যিক কার্যক্রমের অবদান প্রায় ৩৬ শতাংশ। অবদান বাড়ানোর পাশাপাশি নাগরিক সুবিধা বৃদ্ধি করতে দক্ষিণ সিটি কর্পোরেশন বেশকিছু উদ্যোগ নিয়েছে।

তিনি জানান, সিটি কর্পোরেশনের সেবা-পরিসেবাগুলো ডিজিটাল কার্যক্রমের আওতায় নিয়ে আসা হয়েছে। এর ফলে সিটি কর্পোরেশনের রাজস্ব আহরণ বৃদ্ধি পেয়েছে।

মেয়র বলেন, কোনো ধরনের রাজস্ব হার বৃদ্ধি না করেই গত অর্থবছরে আমরা ১ হাজার ৫৩ কোটি টাকা রাজস্ব আহরণ করেছি, যা ৩ বছর আগে ছিল ৫২৪ কোটি টাকা। এটি সম্ভব হয়েছে, সিটি কর্পোরেশনের সেবার মান বৃদ্ধি, রাজস্ব আহরণ প্রক্রিয়া সহজীকরণ, স্বচ্ছতা, সুশাসন এবং দুর্নীতি রোধের সমন্বিত উদ্যোগের মাধ্যমে।

তিনি জানান, আজকের এ সমঝোতা স্মারকের মাধ্যমে সিটি কর্পোরেশন এ অর্থবছরে আনুষ্ঠানিকভাবে ট্রেড লাইসেন্স নবায়ন ও নতুন ট্রেড লাইসেন্স প্রদান কার্যক্রম শুরু করেছে। দক্ষিণ সিটির ১০টি অঞ্চলের অধীভুক্ত ডিসিসিআই'র সদস্যরা নির্ধারিত ফি দিয়ে এ সেবা নিতে পারবেন।

সারাবাংলা
sarabangla.net




# এখন থেকে ৫ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স দেবে ডিএসসিসি

July 6, 2023 | 4:44 pm

**স্টাফ করেসপন্ডেন্ট**

**ঢাকা**: এখন থেকে সর্বোচ্চ পাঁচ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন করবে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)। ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের আওতাধীন ব্যবসায়িক প্রতিষ্ঠানসমূহ বাণিজ্য অনুমতি নেওয়ার পরে ১ বছর, ২ বছর, ৩ বছর বা ৪ বছর অথবা সর্বোচ্চ ৫ বছর পর্যন্ত নবায়ন সুবিধা নিতে পারবে।

প্রতি বছরের জুলাই মাসের প্রথম সপ্তাহ থেকে দুই সপ্তাহব্যাপী সিটি করপোরেশনের নির্ধারিত বুথ থেকে এই রাজস্ব সুবিধা নিশ্চিত করা হবে।

বৃহস্পতিবার (৬ জুলাই) সকাল ১১টায় ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই) এর মিলনায়তনে আয়োজিত ২ সপ্তাহব্যাপী (৬-২০ জুলাই) 'ট্রেড লাইসেন্স সেবা বুথ স্থাপন' এর মাধ্যমে প্রথমবারের মতো ৫ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন সুবিধা কার্যক্রমের উদ্বোধন করেন ডিএসসিসি মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) যে কোনো সদস্য প্রাতিষ্ঠানিকভাবে ডিসিসিআই ভবনে স্থাপিত দক্ষিণ সিটির বুথ থেকে আজ হতে ৫ বছর মেয়াদী ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়নের এই সুবিধা গ্রহণ করতে পারবেন। এছাড়াও করপোরেশনের আওতাধীন যে কোনো ব্যবসায়িক প্রতিষ্ঠান নিজ নিজ অঞ্চল থেকে এ সেবা নিতে পারবেন।

বৃহস্পতিবার ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের সঙ্গে ডিসিসিআইয়ের সঙ্গে এ বিষয়ে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. মিজানুর রহমান এবং ডিসিসিআই এর সেক্রেটারি জেনারেল আনসারুল আরিফিন নিজ নিজ পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

উদ্বোধন করে মেয়র তাপস বলেন, 'ব্যবসা সহজীকরণের একটি বড় দাবি ছিল আমাদের ব্যবসায়ী সমাজের। বাণিজ্য অনুমতি (ট্রেড লাইসেন্স) প্রত্যেক বছর নবায়ন করতে হয়। এই বিষয়টি তাদের (ব্যবসায়ীদের) অনেক সময় মনে থাকে না অথবা দেখা যায় যে বছরের শেষ প্রান্তে এসে করতে হয়। সে সব বিষয়কে সহজীকরণ করার জন্য আইন অনুযায়ী ডিজিটাল প্লাটফর্মের মাধ্যমে আমরা প্রথমবারের মতো ৫ বছর মেয়াদী ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়নের কার্যক্রম আজ হতে শুরু করলাম।'

এ সেবা প্রথম ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই) এর মাধ্যমে শুরু হলো জানিয়ে মেয়র ব্যারিস্টার শেখ তাপস বলেন, 'এই অর্থবছরে আজ থেকে আমরা ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজের সদস্যদের দিয়েই এই সেবা দেওয়া শুরু করছি। কারণ, ঢাকা চেম্বার ঢাকা শহরের ব্যবসা-বাণিজ্যের নেতৃত্বদানকারী প্রতিষ্ঠান।'

অনুষ্ঠানে ডিসিসিআই সভাপতি ব্যারিস্টার মো. সমীর সাত্তার বলেন, 'আজকে যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হলো তা ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ এবং ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মধ্যকার একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। এই এমওইউ স্বাক্ষরের মাধ্যমে এখানে স্থাপিত বুথটি একটি 'ওয়ান স্টপ সার্ভিস' পয়েন্ট হিসেবে কাজ করবে। এ ধরনের উদ্যোগ পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ এর একটি অনন্য উদাহরণ এবং এর মাধ্যমে ব্যবসা সহজীকরণ প্রচেষ্টা শক্তিশালী হলো।'

কামরাঙ্গীরচরকে একটি কেন্দ্রীয় বাণিজ্যিক অঞ্চল হিসেবে গড়ে তুলতে গৃহীত পরিকল্পনা উল্লেখ করে মেয়র ব্যারিস্টার শেখ তাপস বলেন, 'প্রতিটি শহরের একটি সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্ট বা ফাইন্যান্সিয়াল হাব থাকে। ঢাকা যখন স্থাপিত হয় তখন চকবাজার ফিনান্সিয়াল হাব হিসেবে স্থাপিত হয়। কিন্তু ঢাকাকে নিয়ে কোনো সময় সুপরিকল্পিত নগরায়নের চিন্তা করা হয়নি। যে কারণে চকবাজারের সেই জৌলুস বা কার্যক্রম এখন ধীরে ধীরে ম্লান হয়ে গেছে। পরবর্তীতে মতিঝিলকে ফিন্যান্সিয়াল ডিস্ট্রিক্ট হিসেবে বিবেচনা করা হয়েছিল। কিন্তু কালের বিবর্তনে মতিঝিলও তার সেই জৌলুস হারিয়েছে।'

মেয়র তাপস বলেন, 'আমরা ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন থেকে শহর পরিকল্পনার লক্ষ্যে মহাপরিকল্পনা কার্যক্রম হাতে নিয়েছি। যার মাধ্যমে চকবাজারকে আবার পুনরুজ্জীবিত করতে চাই। আমরা চাই, সেটি ব্যবসায়িক প্রাণকেন্দ্র হিসেবে আবার মাথা উঁচু করে দাঁড়াবে। মতিঝিলকেও আমরা আবার পুনরুজ্জীবিত করতে চাই। সেগুলো বাস্তবায়নে আমরা এ বছর থেকেই কার্যক্রমে যাব। এ ছাড়াও স্মার্ট বাংলাদেশের যে রূপকল্প, তার আলোকে আমরা কামরাঙ্গীরচরকে একটি সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টে রূপান্তরিত করার পরিকল্পনা হাতে নিয়েছি।'

এ সময় অন্যান্যের মধ্যে করপোরেশনের প্রধান রাজস্ব কর্মকর্তা আরিফুল হক ও ডিসিসিআইয়ের বোর্ড অব ডাইরেক্টরস নেতারা উপস্থিত ছিলেন।

*সারাবাংলা/আরএফ/একে*

06 July 2023

# পাঁচ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন কার্যক্রম চালু

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) আওতাধীন ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোর জন্য পাঁচ বছর মেয়াদি ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন কার্যক্রম চালু করা হয়েছে। এ কার্যক্রম উদ্বোধন করেছেন ডিএসসিসির মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নুর তাপস।



বৃহস্পতিবার (৬ জুলাই) ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই) মিলনায়তনে আয়োজিত ২ সপ্তাহব্যাপী (৬-২০ জুলাই) 'ট্রেড লাইসেন্স সেবা বুথ স্থাপন' এর মাধ্যমে এ সেবার উদ্বোধন করেন তিনি।

এ বিষয়ে তাপস বলেন, আইন অনুযায়ী ডিজিটাল প্লাটফর্মের মাধ্যমে প্রথমবারের মতো এই কার্যক্রম শুরু হলো। এখন থেকে যে কোনো ব্যবসায়ী ব্যবসা-বাণিজ্যের অনুমতি নেয়ার পরে ১ বছর, ২ বছর, ৩ বছর বা ৪ বছর অথবা সর্বোচ্চ ৫ বছর পর্যন্ত নবায়ন সুবিধা গ্রহণ করতে পারবেন।

মেয়র আরও বলেন, 'এই সেবা চলতি অর্থবছরে আজ থেকে ডিসিসিআইয়ের সদস্যদের মাধ্যমে শুরু করা হলো। ঢাকা চেম্বার ঢাকা শহরের ব্যবসা-বাণিজ্যের নেতৃত্বদানকারী প্রতিষ্ঠান। প্রতি বছরের জুলাই মাসের প্রথম সপ্তাহ থেকে দুই সপ্তাহব্যাপী এখানে একটি বুথ দিয়ে রাজস্ব সেবা নিশ্চিত করা হবে।'

এছাড়া কামরাঙ্গীরচরকে একটি কেন্দ্রীয় বাণিজ্যিক অঞ্চল হিসেবে গড়ে তুলতে গৃহীত পরিকল্পনার কথা উল্লেখ করে ব্যারিস্টার শেখ তাপস বলেন,

> ❝ প্রত্যেক শহরের একটি সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্ট বা ফাইন্যান্সিয়াল হাব থাকে। ঢাকা যখন স্থাপিত হয় তখন চকবাজার ফিনান্সিয়াল হাব হিসেবে স্থাপিত হয়। কিন্তু ঢাকাকে নিয়ে কোনো সময় সুপরিকল্পিত নগরায়নের চিন্তা করা হয়নি। পরবর্তীতে মতিঝিলকে ফিন্যান্সিয়াল ডিস্ট্রিক্ট হিসেবে বিবেচনা করা হয়েছিল। কিন্তু কালের বিবর্তনে মতিঝিলও তার সেই জৌলুস হারিয়েছে। তাই স্মার্ট বাংলাদেশের রূপকল্পের আলোকে কামরাঙ্গীরচরকে একটি সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টে রূপান্তরিত করার পরিকল্পনা হাতে নেয়া হয়েছে।❞

আর ডিসিসিআই সভাপতি ব্যারিস্টার মো. সমীর সাত্তার বলেন, ডিসিসিআইর যে কোনো সদস্য প্রাতিষ্ঠানিকভাবে ডিসিসিআই ভবনে স্থাপিত দক্ষিণ সিটির বুথ থেকে ৫ বছর মেয়াদী ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়নের এই সুবিধা গ্রহণ করতে পারবেন। এছাড়াও করপোরেশনের আওতাধীন যে কোনো ব্যবসায়িক প্রতিষ্ঠান নিজ নিজ অঞ্চল থেকে এ সেবা গ্রহণ করতে পারবেন।

অনুষ্ঠান শেষে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের সঙ্গে ডিসিসিআইর একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. মিজানুর রহমান এবং ডিসিসিআই'র সেক্রেটারি জেনারেল আনসারুল আরিফিন নিজ নিজ পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ডিএসসিসির প্রধান রাজস্ব কর্মকর্তা আরিফুল হক ও ডিসিসিআইয়ের সদস্যরা।